MAR. 21 [redacted]

ভোরের কাগজ

তারিখ ............
পৃষ্ঠা ...... কলাম ......

শিক্ষকদের বর্ধিত ১০ ভাগ বেতন

# বকেয়া ১২ মাসের টাকা এ বছর এক কিস্তিতেই পাওয়া যাবে

কাগজ প্রতিবেদক : বেসরকারি স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীরা সরকারি তহবিল থেকে বর্ধিত শতকরা ১০ ভাগ বেতনের বকেয়া ১২ মাসের টাকা চলতি অর্থবছরে এক কিস্তিতেই পাবেন। এর আগে বকেয়া বেতনের এই অংশ সরকার চলতি এবং আগামী অর্থবছরে দুই কিস্তিতে পরিশোধের সিদ্ধান্ত নিয়েছিল।

গত সোমবার অনুষ্ঠিত মন্ত্রিপরিষদের সভায় শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বেসরকারি শিক্ষকদের কথা বিবেচনা করে এক কিস্তিতে বকেয়া বেতনের টাকা পরিশোধের জন্য প্রধানমন্ত্রীর কাছে আবেদন জানান। এরপর প্রধানমন্ত্রী অর্থ

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ১

## বকেয়া ১২ মাসের টাকা এ বছর

● প্রথম পাতার পর

মন্ত্রণালয়কে বকেয়া সমুদয় টাকা এক সঙ্গে পরিশোধের নির্দেশ দেন। জানা গেছে, এ জন্য সরকারের অতিরিক্ত ১৫৩ কোটি টাকা ব্যয় হবে।

প্রসঙ্গত, গত বছরের ২৪ অক্টোবর সরকার নিজস্ব তহবিল থেকে বেসরকারি শিক্ষকদের মূল বেতনের শতকরা ৯০ ভাগ টাকা দিতে রাজি হয়। এর আগে শিক্ষকরা সরকারের কাছ থেকে শতকরা ৮০ ভগ বেতন পেতেন।

সূত্র জানায়, বর্ধিত বেতনের বকেয়ার অর্থ শিক্ষকরা যাতে আগামী জুনের মধ্যেই হাতে পেতে পারেন সেই ব্যবস্থা করার জন্যও অর্থ মন্ত্রণালয়কে প্রধানমন্ত্রী নির্দেশ দিয়েছেন। এ জন্য প্রয়োজনে বিভিন্ন বাজেট থেকে কাটছাঁট করে অর্থ জোগার করার জন্যও অর্থ মন্ত্রণালয়কে চূড়ান্ত ক্ষমতা দেওয়া হয়েছে।

এদিকে শিক্ষক সমিতি ফেডারেশন ১০ শতাংশ বর্ধিত বেতন ২ কিস্তির পরিবর্তে বর্তমান অর্থবছরেই ১ কিস্তিতে প্রদানের সরকারি সিদ্ধান্তকে অভিনন্দিত করেছে।